

পত্র নং- ৩৩.০২.৩৫৫৮.৫০১.৩৬.০০২.১৬.১৬৫

তারিখ- ০৬-১০-২০২৫ খ্রি.

বিষয়ঃ মৎস্য খাদ্যের নমুনা পরীক্ষার ফলাফল সংক্রান্ত।

সূত্রঃ জেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জের স্মারক নং-৩৩.০২.৩৫০০.৪০০.২৫.০০১২.২৫.৫১৪, তারিখঃ ০৫/১০/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেপ্টেম্বর/২০২৫ মাসে আপনার প্রতিষ্ঠান হতে মৎস্য খাদ্যের পুষ্টিমান (Proximate Compoition) নির্ণয়ের জন্য ফ্যাক্টরী: নারিশ ফিডস লিমিটেড, জামির দিয়া, মাস্টারবাড়ী, ভালুকা, ময়মনসিংহ এবং অফিস: বাড়ী নং-৩৯, সোনারগাঁ জনপথ রোড, সেক্টর -৭, উত্তরা, ঢাকা -১২৩০ এর মিশ্র কার্প গ্রোয়ার (ভাসমান ফিস ফিড) মৎস্য খাদ্যের নমুনা ০৮/০৯/২০২৫ খ্রি. তারিখ কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি, খুলনায় প্রেরণ করা হয়। পরীক্ষার পর প্রাপ্ত ফলাফলে দেখা যায় যে, উক্ত খাদ্যে নিম্নোক্ত উপাদানসমূহ বিদ্যমানঃ


- ক্রুড প্রোটিন: ১৫.৬৭%
- আর্দ্রতা: ১০.৭৯%
- ফ্যাট: ৪.৬৪%
- ক্রুড ফাইবার: ৫.২১%

মৎস্যখাদ্য বিধিমালা ২০২৪ এর তফসিল-৮ অনুযায়ী কার্প গ্রোয়ার ভাসমান খাদ্যে ক্রুড প্রোটিনের সর্বনিম্ন গ্রহণযোগ্য মাত্রা ২২%। পরীক্ষার ফলাফল হতে প্রতীয়মান হয় যে, উক্ত নমুনা পরীক্ষায় ক্রুড প্রোটিনের পরিমাণ ১৫.৬৭% যা মৎস্যখাদ্য বিধিমালা ২০২৪ এর তফসিল-৮ অনুযায়ী আদর্শমাত্রার সাথে অসংগতিপূর্ণ (Non-compliance)। খাদ্যের পুষ্টিমান আদর্শমানের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম।

২। এ অবস্থায় উক্ত সংগৃহীত নমুনার লটের সকল মৎস্য খাদ্য এতদ্বারা বাজেয়াপ্ত করা হলো।

৩। নারিশ ফিডস লিমিটেড কর্তৃক প্রস্তুতকৃত মিশ্র কার্প গ্রোয়ার (ভাসমান) মৎস্য খাদ্যের পুষ্টিমান আদর্শমাত্রার সাথে সংগতিপূর্ণ কিনা তা নিশ্চিত হয়ে বিক্রয় করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। অন্যথায় পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তিঃ সংযুক্তি: পুষ্টিমান পরীক্ষার ফলাফল-১ ফর্দ

  
(মোহাম্মাদ সাইয়েদুল ইসলামভূইয়া)  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অ:দা:)  
মুকসুদপুর, গোপালগঞ্জ।  
ফোনঃ ০৬৬৫৪৫৬২৪৬  
ইমেইলঃsufomuksudpur@fisheries.gov.bd

মেসার্স মোল্যা এন্টারপ্রাইজ

প্রো: মো: সেন্টু মোল্যা,

খান্দার পাড়া বাজার, মুকসুদপুর, গোপালগঞ্জ

পত্র নং- ৩৩.০২.৩৫৫৮.৫০১.৩৬.০০২.১৬.১৬৫ /১(৫)

তারিখ- ০৬-১০-২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:


১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

২। পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা

৩। জেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জ

৪। নারিশ ফিডস লিমিটেড, হেড অফিস: বাড়ী নং-৩৯, সোনারগাঁ রোড, সেক্টর -৭, উত্তরা, ঢাকা -১২৩০।গাঁ

৫। অফিস কপি।

  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (অ:দা:)  
মুকসুদপুর, গোপালগঞ্জ।